

'যাকাত ফান্ড'

যাকাত ইসলামের পাঁচটি স্তম্ভের অন্যতম। যাকাত ইসলামী সমাজ ব্যবস্থায় অর্থনৈতিক ভারসাম্য সৃষ্টির অন্যতম উপায়। ধনী ও দরিদ্রের মধ্যে ব্যাপক পার্থক্য একমাত্র যাকাতের মাধ্যমেই কমিয়ে আনা সম্ভব। পরিকল্পিত ও সংগঠিতভাবে যাকাত সংগ্রহ এবং ব্যবহার নিশ্চিত করার জন্য বাংলাদেশ সরকার ১৯৮২ সালে যাকাত ফান্ড অধ্যাদেশ জারী করে। অধ্যাদেশ অনুযায়ী ইসলামী বিধান মোতাবেক যাকাত সংগ্রহ এবং ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে দেশের প্রখ্যাত আলেমদের নিয়ে একটি যাকাত বোর্ড গঠন করা হয়। যাকাত ফান্ডের অর্থ দিয়ে বর্তমানে শিশু হাসপাতালের মাধ্যমে দুস্থ ও অসহায় শিশুদের চিকিৎসা প্রদান, দুস্থ বিধবাদের সেলাই প্রশিক্ষণ প্রদান, দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান, দারিদ্র বিমোচনে রিক্সা/ ভ্যান ও সেলাই মেশিন প্রদান, বিধবা পুনর্বাসনে হাস-মুরগী গাভী-ছাগল প্রদান, গৃহ নির্মাণ, মোটর ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান, ক্ষুদ্র ব্যবসায়ে পুঁজি প্রদান ও দুর্যোগ এলাকাসমূহে শীত বস্ত্র ও ত্রাণ সামগ্রী বিতরণ ইত্যাদি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

২। বিদেশে বসবাসরত বাংলাদেশী ধনী বিত্তশালী যদি তাঁদের যাকাতের অর্থ সরকারী যাকাত তহবিলে প্রদান করেন তাহলে যাকাত ফান্ডকে আরো সমৃদ্ধ করা সম্ভব হবে। বাংলাদেশ সরকারী যাকাত ফান্ডে যে সকল ব্যাংকে যাকাতের টাকা সংগ্রহ করা হয় তার নাম ও হিসাব নম্বর নিম্নরূপঃ

ক্রমিক নং	ব্যাংকের নাম	হিসাব নম্বর
১	সোনালী ব্যাংক, লোকাল অফিস	চলতিঃ ০০০২৩৩০০৫২০৫
২	জনতা ব্যাংক, লোকাল অফিস	চলতিঃ ০১০২৩৩০০৯৭১৭
৩	ইসলামী ব্যাংক, বাংলাদেশ লিঃ, লোকাল অফিস	পি, এল, এস, ডি, এ-০২২২৯০২১
৪	অগ্রনী ব্যাংক, প্রিন্সিপাল অফিস	চলতি-০১০৭১৬৬
৫	রূপালী ব্যাংক, প্রিন্সিপাল অফিস	চলতি-৭৩৮৯-৫
৬	উত্তরা ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা	সিডি -৬৪১
৭	দি অরিয়েন্টাল ব্যাংক লিঃ, প্রিন্সিপাল অফিস	চলতি-৩৩০১৬৬৫৭
৮	আল আরাফা ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, মতিঝিল শাখা	চলতি-২৩৩০৩০৯৮৭
৯	ন্যাশানাল ব্যাংক, (শুধুমাত্র মতিঝিল শাখায় জমা নেয়া হয়)	সিডি-২১৮
১০	সোনালী ব্যাংক, বায়তুল মোকারম, ঢাকা	চলতি-১০৮২৮৮

মালয়েশিয়ায় বসবাসরত সকল বাংলাদেশীদের "সরকারী যাকাত ফান্ডে" উক্ত হিসাব নম্বরসমূহে যাকাতের অর্থ প্রেরণের জন্য বিনীত অনুরোধ করা যাচ্ছে।

বাংলাদেশ হাইকমিশন
কুয়ালালামপুর